# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর ডিসেম্বর-২০২০খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ।
তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রি.
সময় ঃ দুপুর ১১:০০ ঘটিকা।

## উপস্থিত সদস্যবর্গ ঃ পরিশিষ্ট "ক"

উপজেলা পরিষদের মাসিক সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার সালমা খাতুন কে অনুরোধ জানান এবং তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন থেকে প্রস্তাব পাওয়া গিয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্পগুলি "পরিশিষ্ট- খ" তে প্রকল্প যাচাই বাচাই ও প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>খ) উপজেলা প্রকৌশলীর আরও জানান যে, ১৫/১০/২০২০ খ্রি. এবং ১২/১১/২০২০খ্রি. তারিখে অনুমোদকৃত নিম্নোক্ত প্রকল্পটি সংশোধন প্রয়োজন।<br>১. ভালুকা মেদিলা রাস্তা হতে মজিদ মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা খোয়া ও বালি দিয়ে উন্নয়ন।<br>সংশোধিত প্রকল্প ঃ ভালুকা মেদিলা রাস্তা হতে মজিদ মাষ্টারের বাড়ী পর্যন্ত এইচবিবি রাস্তা মেরামত করণ।<br>২. ইউজিডিপি এর আওতায় উপ-প্রকল্প- ০৩. করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের প্রাথমিক চিকিৎসার জন্য ভালুকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ সকল ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার ও নেবুলাইজার মেশিন সরবরাহ। প্রাক্কলিত মূল্য- ১০,০০,০০০/- (ভ্যাট ট্যাক্স ব্যতিত)<br>সংশোধিত প্রকল্প ঃ উপ-প্রকল্প- ০৩. করোনা ভাইরাস মোকাবেলায় ভালুকা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হ্যান্ড ওয়াশিং পয়েন্ট স্থাপন। প্রাক্কলিত মূল্য- ১০,০০,০০০/- (ভ্যাট ট্যাক্স ব্যতিত) | ক) উত্থাপিত প্রকল্পসমূহ ও প্রাক্কলন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রকল্পগুলি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে প্রকল্প যাচাই বাচাই কমিটি কর্তৃক যাচাই বাচাই করতঃ দরপত্র আহ্বান পূর্বক ঠিকাদার নির্বাচন / RFQ প্রক্রিয়া/ প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে গৃহীত সংশোধিত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, উপজেলা প্রকৌশলী, এল.জি.ই.ডি, |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ<br>ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ভালুকা উপজেলায় গত ১৯/১২/২০২০খ্রি. হতে হাম-রুবেলা ক্যাম্পেইন চলিতেছে এবং উক্ত ক্যাম্পইন ৩১/০১/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। এ পর্যন্ত কোন শিশুদের টিকা পরবর্তী কোনো জটিলতার সৃষ্টি হয়নাই, লক্ষ্যমাত্রা ১৩১৪৪০, টিকাদান কর্মী ৭২জন। এই টিকাদান ক্যাম্পেইন সুষ্ঠভাবে সম্পূর্ন হবে বলে আমি আশা করি।<br>২। ইপি আই কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br>৩। ইওসি কার্যক্রমের নরমাল ডেলিভারীর সংখ্যা ৭৫জন।<br>৪। হাসপাতালে বহিঃবিভাগ ও জরুরী বিভাগে রোগীর আগমন সন্তোষ জনক।<br>৫। হাসপাতাল ও মাঠ পর্যায়ের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সঠিক ভাবে চলিতেছে।<br>খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় আরও জানান যে, হাসপাতালের অভ্যন্তরে সরকারী আবাসিক কোয়ার্টার, সেড ও ষ্টোর রুম মেরামত / নির্মাণ প্রয়োজন-<br>১। প্রথম শ্রেণীর অফিসার কোয়ার্টার এর ৮টি ইউনিট মেরামত করণ<br>২। দ্বিতীয় শ্রেণীর নার্সিং কর্তকর্তা কোয়ার্টার এর ৪টি ইউনিট মেরামত করণ<br>৩। তৃতীয় শ্রেণী কর্মচারী কোয়ার্টার এর ১০টি ইউনিট মেরামত করণ<br>৪। চতুর্থ শ্রেণী কর্মচারী কোয়ার্টার এর ৪টি ইউনিট মেরামত করণ | ক) বিস্তারিত আলোচনান্তে এ দপ্তরের কাজে সন্তোষ প্রকাশ করা হয়। করোনা (কভিড-১৯) কালে সেবা প্রদানকারীকে সতর্কতার সাথে সেবা প্রদান পূর্বক সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে বিগত ৫ (পাঁচ) বছরে ভালুকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ যে সকল মেরামত / উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হয়েছে সে সকল কাজের সুস্পষ্ট তালিকা ও মেরামতের বছর ভিত্তিক ব্যয় বিবরণী এবং বাৎসরিক খাত ভিত্তিক প্রাপ্ত আর্থিক বরাদ্দের পরিমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ মোট কতটি আবাসিক কোয়াটার রয়েছে তার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা |

<table>
<tr>
<td></td>
<td>৫। নার্সিং ডরমেটরী ০১টি ইউনিট মেরামত করণ<br>৬। ষ্টোর রুম ০১টি নির্মাণ<br>৭। হাসপাতালে আগত বিষপানের রোগীদের পাকস্থলী ওয়াশ করার জন্য একটি সেড নির্মাণ করা প্রয়োজন।</td>
<td>মধ্যে কতটি কোয়াটার বরাদ্দ দেওয়া হয়েছে তার সুস্পষ্ট তালিকা পরবর্তী সভায় উপস্থাপন জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</u>ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে গত ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে। সক্ষম দম্পত্তি = ৯০৯২৮ টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা = ৭০৪৪২ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার (CAR) = ৭৭.৪৭%, স্থায়ী পদ্ধতি = ২২জন, আইইউডি = ৮২জন, ইমপ্ল্যান্ট = ১১৩জন, ইনজেকটেবল = ৯১০৮ জন, খাবার বড়ি = ৪৪৫১৫, কনডম = ৫৫০৩ জন, মোট গর্ভবতীর সংখ্যা = ২৬৮৮ জন, গর্ভকালীন সেবার তথ্য = ৮৮৮ জন, প্রসব সেবার তথ্য = ৩৭০ জন, নরমাল ডেলিভারি সেবা = ১৬ জন, মোট জীবিত জন্ম = ২৪৪ জন, প্রসবোত্তর সেবার তথ্য ৫৮৪ জন, কিশোর কিশোরীর সেবা ৩২১৭ জন, পাঁচ বছর পর্যন্ত শিশুর সেবা = ৬৬০৭ জন, পুষ্টি সেবা = ২১২৪ জন, সাধারণ রোগীর সেবা = ৫১৪৫ জন, সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা = ৫৩ জন, কৈশোর বান্ধব প্রদত্ত সেবা = ৮৯ জন, কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা = ১৪১৯ জন, সিএসবিএদের প্রদত্ত সেবা = ৯১১ জন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td><u>উপজেলা কৃষি বিভাগ</u>ঃ<br>উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, ডিসেম্বর-২০২০ খ্রি. মাসে<br>১। রাজস্ব খাতের আওতায় বোর ধান প্রদর্শনী ৩০টি, গম প্রদর্শনী ১০টি, ভূট্টা প্রদর্শনী ১০, পেয়াজ প্রদর্শনী ১০টি, সরিষা প্রদর্শনী ২০টি, সরিষা বীজ সহায়তা ১০০টি, বোর বীজ সহায়তা ১৬০টি, ভূট্টা বীজ সহায়তা ৬০টি, গম বীজ সহায়তা ৩০টি প্রকল্প বাস্তাবায়িত হয়েছে।<br>২। কৃষক পর্যায়ে উন্নমানের ডাল, তেল, মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পে সরিষা প্রদর্শনী ১টি।<br>৩। লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পে লেবু বাগান প্রদর্শনী ৯০টি।<br>৪। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম, পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বোর ধান প্রদর্শনী ১০টি।<br>৫। পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের প্রদর্শনী ২৭টি।<br>৬। কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় বোর ধান ৫৬৫টি, গম ২০টি, ভূট্টা ২০টি, সরিষা ৬০টি, চিনা বাদাম ১০টি, পিঁয়াজ ১০টি, বোর হাইব্রিড বীজ বিতরণ ৩৮৯০টি বাস্তবায়িত করা হয়েছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td><u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u>ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।
<table>
<tr><th>কাজের বিবরণ</th><th>বর্তমান মাসে কাজ</th><th>ক্রমপুঞ্জিত (জুলাই/২০-ডিসেম্বর/২০)</th></tr>
<tr><td>গবাদি প্রাণির টিকা প্রদান</td><td>২৯২৮ টি</td><td>১১১১৪ টি</td></tr>
<tr><td>হাঁস মুরগীর টিকা প্রদান</td><td>১১৬০০ টি</td><td>৫৩৯৫০০ টি</td></tr>
<tr><td>গবাদি প্রাণির চিকিৎসা প্রদান</td><td>১৯৪৩ টি</td><td>১১৮৪৭ টি</td></tr>
<tr><td>হাঁস মুরগীর চিকিৎসা প্রদান</td><td>২৩৮৪৫ টি</td><td>১৩৩০৭৫ টি</td></tr>
<tr><td>গাভীর প্রজনন</td><td>৯৩৪ টি</td><td>৩৫৫২ টি</td></tr>
<tr><td>গাভীর বাচ্চা জন্ম</td><td>২৬০ টি</td><td>১২৬৯ টি</td></tr>
<tr><td colspan="3">রাজস্ব আয়</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয়</td><td>২৮,০২০/-</td><td>১,০৬,৫৬০/-</td></tr>
<tr><td>হাঁস মুরগীর টিকা বিক্রয় বাবদ আয়</td><td>২৩,০৪০/-</td><td>১,১৩,৭৬০/-</td></tr>
<tr><td>খামার ফিডমিল রেজিঃ ফি বাবদ রাজস্ব আয়</td><td>৮০,৫০০/-</td><td>১,৫৫,৫০০/-</td></tr>
<tr><td>মোট রাজস্ব আয়</td><td>১,৩১,৫৬০/-</td><td>৩,৭৫,৮২০/-</td></tr>
<tr><td colspan="3">উৎপাদন তথ্য</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (লক্ষ মেঃটন)</td><td>.০১৫৫০</td><td>.০৮৭৯২ লক্ষ মেঃটন</td></tr>
<tr><td>মাংস উৎপাদন</td><td>.০২৫৮৭৭</td><td>.১৪৮৩৯৭ লক্ষ মেঃটন</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (কোটি)</td><td>.৬৪৩৫৯</td><td>৩.৩৬৩০৯ কোটি</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রাণিসম্পদ সম্পদ আইন মোতাবেক প্রাণি খাদ্যের মান, চাষিদের খামার পরিদর্শন সহ প্রাণি সম্পদ বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পে আওতায় ৯ টি ইউনিয়নে ৯টি ফ্রি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন এবং ৯টি ফ্রি ডিওয়ামিং ক্যাম্পেইন করা হয়েছে, গবাদি পশুর কৃত্রিম প্রজনন, গবাদি পশু, হাঁস মুরগী, পোষা প্রাণী পালন বিষয়ে সাধারণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৬ | <u>উপজেলা মৎস্য বিভাগ ঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২০খ্রি. মাসে<br>১. ডিসেম্বর /২০২০ মাসে মোট ২২ জন মৎস্য চাষীর পুকুর পরিদর্শন ও মৎস্যচাষ প্রযুক্তি বিষয়ে পরামর্শ প্রদান করা হয় ।<br>২. হ্যাচারী পরিদর্শনঃ লাইসেন্স প্রাপ্ত দুইটি মৎস্য হ্যাচারী পরিদর্শন করা হয়।<br>৩. মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ অনুযায়ী ০১ ক্যাটাগরি-১ লাইসেন্স নবায়নের আবেদন অগ্রগামী করা হয় ।<br>৪. জাটকা ইলিশ রক্ষায় মোট দুইটি অভিযান পরিচালনা করা হয়।<br>৫. মাছ বাজার পরিদর্শনঃ ডিসেম্বর মাসে মোট ০২ টি মাছ বাজার পরিদর্শন করা হয় এবং মৎস্য ব্যবসায়ীদের মৎস্য সংরক্ষণ আইন মেনে চলার পরামর্শ প্রদান করা হয় ।<br>৬. স্থানীয় মৎস্য চাষ প্রতিনিধিদের নিয়ে মাসিক সভা করা হয়।<br>৭. রাজস্ব খাতের আওতায় মোট ৬০ জন মৎস্য চাষী,মৎস্য খাদ্য বিক্রেতা ও মৎস্য খাদ্য উৎপাদনের সাথে জড়িত ব্যক্তিদের কে মৎস্য চাষ প্রযুক্তি, মৎস্য খাদ্য আইন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মৎস্য সম্পদ আইন মোতাবেক মৎস্য খাদ্যের মান, মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা, মৎস্য চাষিদের খামার পরিদর্শন সহ মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভালুকা |
| ০৭ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u><br>ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নভেম্বর/২০২০ মাসে নিম্নোক্ত কাজগুলি চলমান রয়েছে / সম্পাদিত হয়েছে।<br>১। ২০২১ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ, গুদামজাতকরণ ও বিতরণ কার্যক্রম চলমান।<br>২। ICT শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE), ত্রিশাল, ময়মনসিংহে আগামী ০৩/০১/২০২১খ্রি. তারিখে শেষ হবে।<br>৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ পরিস্থিতে ২০২০ শিক্ষাবর্ষের পুণঃর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট গ্রহণ ও মূল্যায়নের বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং শিক্ষক কর্তৃক মূল্যায়ন কার্যক্রম চলমান।<br>৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রকল্পভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি অন লাইনে প্রেরণ।<br>৫। অন লাইনের মাধ্যমে এমপিও, শিক্ষকদের উচ্চতর গ্রেড প্রদান কার্যক্রম চলমান।<br>৬। সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অন লাইনে ভর্তি কার্যক্রম চলমান<br>৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে মুজিববর্ষ-২০২০ উপলক্ষে রচনা, কুইজ ও উপস্থিত বক্তৃতা কার্যক্রমে প্রস্তুতি গ্রহণ।<br>৮। উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সমন্বয়ে বিগত সালের পুরাতন/বিনষ্ট পাঠ্যপুস্তক নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে বিক্রয় কার্যক্রম চলমান।<br>৯। উপজেলা পরিষদ, জেলা শিক্ষা অফিস, উপ-পরিচালকসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের চলমান কার্যাদি সম্পাদন করা হয়েছে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস উপজেলা পরিষদের পুরাতন ভবন ২য় তলা স্থানান্তর, সংস্কার ও মেরামত কার্যক্রম চলমান আছে। | ক) বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।<br><br>খ)বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় আরও জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরের অবকাঠামো মূলক উন্নয়ন উপ-প্রকল্প বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা "পরিশিষ্ট- গ" অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | | |
| ০৮ | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ</u><br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদের বেতন ইএফটি এর মাধ্যমে দেয়ার ডাটাএন্টি কাজ চলমান আছে।<br>২। প্রাক-প্রাথমিক, ৩য়, ৪র্থ শ্রেণির পাঠ্যপুস্তক এসে পৌছেছে এবং বাকী বই আসলে বিতরণ কার্যক্রম শুরু হবে।<br>৩। উপবৃত্তি পূর্বে শিউর ক্যাশের মাধ্যমে দেয়া হত কিন্তু এখন নগদেও মাধ্যমে দেওয়া হবে।<br>৪। বিদ্যালয়ের নতুন এসএমসি গঠন কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ভালুকা |
| ০৯ | <u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ২৪,২৯,৪৪৪.৪০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা পাওয়া গিয়াছে। উক্ত প্রকল্প তালিকা জেলায় প্রেরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।<br>০২। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ৪৪,৭৪,৩৫৯.৮৩/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা পাওয়া গিয়াছে। উক্ত প্রকল্প তালিকা জেলায় প্রেরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।<br>০৩। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে ৪৯,৫৭,৬৬৬.৬৬/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা দাখিল করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে।<br>০৪। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে ৭১,৮৭,৫২২.৯৬/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা দাখিল করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে।<br>০৫। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ চলমান।<br>০৬। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ২য় পর্যায়ে ২৪,২৯,৪৪৪.৪০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>০৭। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ৩২,৮৬,৮১০.৪৭/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>০৮। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে ৪৯,৫৭,৬৬৬.৬৬/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা দাখিল করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে।<br>০৯। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে ৭১,৮৭,৫২২.৯৬/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা দাখিল করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে টি.আর / কাবিটার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক দাখিলকৃত কার্যপত্র মতে খাদ্য শষ্য (চাল) ক্রয়, অন্য গুদাম হতে চাল সংগ্রহ, বিভিন্ন খাতে চাল / গম বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে<br>১) দুঃস্থ মহিলা উন্নয়ন উন্নয়ন (ভিজিডি) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং (Lactating) মাদার সহায়তা তহবিল কর্মসূচির উপকারভোগীদের যাচাই-বাছাই সংক্রান্ত: দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা ও ল্যাকটেটিং ভাতাভোগীদের অনলাইন তথ্য সংরক্ষণ সম্পন্ন হয়েছে।<br>২) ভিজিডি খাদ্যশস্য বিতরন সংক্রান্তঃ প্রতিমাসের ন্যায় ডিসেম্বর/২০২০ খ্রিস্টাব্দ মাসে ভিজিডি উপকারভোগী মহিলাদের মাঝে ১১টি ইউনিয়নে ২৬০৯জনের ৭৮.২৭ (আটাত্তর দশমিক সাতাইশ) মেট্রিক টন খাদ্যশস্য বিতরন সম্পন্ন হয়েছে।<br>৩) (IGA) প্রশিক্ষণ সংক্রান্তঃ উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (IGA) প্রশিক্ষণ কেন্দ্রে দুইটি ট্রেডে (টেইলারিং ও বিউটিফিকেশন) স্বাস্থ্যবিধি মেনে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম ৩১/১২/২০২০খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে।<br>৪) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমঃ অত্র কার্যালয় হতে ডিসেম্বর/২০খ্রি. মাসে দরিদ্র মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ২৬ (ছাব্বিশ) জন মহিলাকে ৩,৯০,০০০/- (তিন লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে চলমান টেইলারিং ও বিউটিফিকেশন ট্রেডের প্রশিক্ষণ স্বাস্থ্যবিধি মেনে সার্বক্ষণিক মনিটর করাসহ প্রশিক্ষণ গ্রহণকারী প্রত্যেকেই যেন স্বাবলম্বী হতে পারে তার জন্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে, বাল্য বিবাহের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। ভালুকা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, মাদকের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা তাছাড়া বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয় এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা। |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকতার সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ভাতা (বয়স্ক ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধাব ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা) এর জিটুপি পদ্ধতিতে ভাতা বিতরণের লক্ষে mis ডাটা এন্টির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এখন ডাটা ভেলিডেশন কাজ চলমান। তিনি আরোও জানান যে সমাজসেবা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং ৪১.০১.০০০০.০০৭.০০৫.২০.১৪০, তারিখ- ২৭/১০/২০২০ খ্রি. মুলে শেখ ফজিলাতুন্নেসা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র নামে ছয় (৬) তলা বিশিষ্ট একটি ভবন নির্মাণের প্রকল্প সমাজসেবা অধিদপ্তর গ্রহণ করেছে। এ ভবন নির্মাণের জন্য উপজেলা চত্বরের ভিতরে দশ (১০) শতাংশ জমি বন্দোবস্ত করা সহ প্রয়োজনীয় তথ্য সমেত ডিজিটাল সার্ভে নকশা প্রণয়ন পূর্বক জরুরী ভিত্তিতে সমাজসেবা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। দশ (১০) শতাংশ জমি বন্দোবস্ত দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>খ) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর উপজেলা প্রতিবন্ধী ও সাহায্য কেন্দ্রর প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা সভায় জানান যে, ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে জনাব আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা মহোদয় অফিস পরিদর্শন পূর্বক সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় পরামর্শ দিয়েছেন। ভালুকা উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আওতায় ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে নতুন রোগীর সংখ্যা ৩৩জন, সর্বমোট রোগীর সংখ্যা ৬৯৯১ জন, প্রতিদিন আগত রোগীর সংখ্যা ৩৫/৪০জন, চক্রাকারে রোগীর সংখ্যা ১৪১৮জন, চক্রাকারে সর্বমোট রোগীর সংখ্যা = ৯৯৭২২ জন এবং প্রতিবন্ধী ও অটিজম শিশুদের মাঝে বিনামূল্যে ফিজিওথেরাপী, স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপী এবং অকুপেশনাল থেরাপী নিয়মিত প্রদান করা হয় এছাড়াও অটিজম শিশুদের জন্য টয়লাইব্রেরী চালু | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক ডাটা এন্টি ও ভাতা ভোগীদের ভাতাকার্ড বিতরণ এবং প্রতিবন্ধী ও অর্টিজম ব্যক্তি/শিশুদের সরকারী সকল সুযোগ সুবিধা দ্রুত সময়ের মধ্যে প্রদান করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় এবং শেখ ফজিলাতুন্নেসা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জমি দ্রুত ব্যবস্থা করণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের চিকিৎসা প্রদানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং প্রস্তাবিত প্রকল্পে অর্থ বরাদ্দের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা |

<table>
<tr>
<td></td>
<td>করা হয়েছে। তিনি আরও জানান যে, এ দপ্তরের জন্য ১টি ডিজিটাল সাইনবোর্ড , একটি ওয়াল কেবিনেট এবং এনডিডি কর্ণারের জন্য খেলনা ক্রয় করার জন্য = ৫১,০০০/- প্রয়োজন রয়েছে। এই অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে বরাদ্দের অনুরোধ করছি এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td><u>উপজেলা সমবায় বিভাগ ঃ</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,<br>০১। কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যাঃ- ০৪টি, (বিভাগীয়- ০২(দুই)টি ও বিআরডিবি ০২(দুই) টি।।<br>০২। ২০১৯-২০খ্রি. সনে অডিটযোগ্য প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ঃ- ২৭০টি।<br>০৩। ২০২০-২১খ্রি. সনে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যাঃ- ১৮টি। মোট = ২৮৮টি<br>০৪। চলতি মাস পর্যন্ত অডিট সম্পাদনঃ- ৯৪ টি।<br>০৫। শেয়ার মূলধনের পরিমাণঃ- ৪০,৭২,০০০/- টাকা।<br>০৬। সঞ্চয় আমানতের পরিমাণঃ- ১,২৩,৪৪,০০০/- টাকা।<br>০৭। ২০১৯-২০২০ সমবায় বর্ষে আদায়কৃত অডিট ফি ১৩,৯৩৫/-<br>০৮। ২০১৯-২০২০ সমবায় বর্ষে আদায়কৃত ভ্যাট ২০৯২/-টাকা।<br>০৯। ২০১৯-২০২০ খ্রি. সমবায় বর্ষে আদায়কৃত সিডিএফ = ৪১৬৮/- শতভাগ অডিট ফি, ভ্যাট ও সিডিএফ এর অর্থ আদায় পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>০৯। আশ্রয়ন প্রকল্পের তথ্যঃ
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ব্যারাক সংখ্যা</th><th>পূর্ণর্বাসিত পরিবারের সংখা</th><th>বিতরণকৃত ঋণের পরিমাণ (টাকা)</th><th>আদায়কৃত ঋণের পরিমাণ (টাকা)</th><th>পাওনা ঋণের পরিমাণ (টাকা)</th></tr>
<tr><td>হাতীবেড় আশ্রয়ন প্রকল্প</td><td>১৪টি</td><td>১৪০টি</td><td>২৫৫৩০০০</td><td>১২১৭২৯৮</td><td>১৩৩৫৭০২</td></tr>
<tr><td>ধুলিকুড়ি আশ্রয়ন প্রকল্প</td><td>০২টি</td><td>২০টি</td><td>৬৬৬০০০</td><td>৩৫৮০৪৭</td><td>৩০৭৯৫৩</td></tr>
<tr><td>বনগাঁও আশ্রয়ণ প্রকল্প</td><td>০৬টি</td><td>৬০টি</td><td>১৮০০০০০</td><td>১৩০০২১১</td><td>৪৯৯৭৮৯</td></tr>
<tr><td></td><td>২২টি</td><td>২২০টি</td><td>৫০১৯০০০</td><td>২৮৫৮৭৫৬</td><td>২১৬০২৪৪</td></tr>
</table>
১০। ২০২০-২১খ্রি, সনে নিবন্ধন ফি ও ভ্যাট আদায় ও ট্রেজারী চালানে জমা ৬২১০/- টাকা অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কর্যক্রম সার্বক্ষণিক মনিটর এবং কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, ভালুকা</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভায় জানান যে,<br>১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৫টি (প্রতি ইউনিয়নে ২৬টি করে) সাব-মারসিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>২। অগ্রাধিকার মূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প ঃ অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দ পাওয়া ২৮৫টি হস্তচালিত অগভীর তাঁরা নলকূপের মধ্যে ২৮৫টির কাজ সমাপ্ত এবং অবশিষ্ট কাজ চলমান। ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ পাওয়া ২৮৫টির কাজ শেষ। প্লাটফর্ম নির্মানের কাজ চলমান।<br>৩। GPS/NNGPS ঃ GPS/NNGPS প্রকল্পের ১৫টি ওয়াশ ব্লকের মধ্যে ৫টির কাজ সমাপ্ত এবং ৫টির কাজ চলমান। অবশিষ্ট ৫টি ওয়াশ ব্লকের স্থানে সয়েল টেস্ট করা হয়েছে।<br>৪। জাতীয় স্যানিটেশন প্রকল্প ঃ জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় ২টি কমিউনিটি ল্যাট্রিনের কাজ সম্পন্ন হয়েছে।<br>৫। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প ঃ পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি অগভীর তাঁরা ও ৫টি সাব-মারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে নিয়মিত নিবিড়ভাবে মনিটরিং এর মাধ্যমে চলমান প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৬</td>
<td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ০৩ জন প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবকের মধ্যে ২,০০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে এবং ৫০জন বেকার যুবককে গরু মোটাতাজা করণের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিসেম্বর-২০২০ মাসে ঋণ বিতরণ = ২,০০,০০০/- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ = ৩৪৪০২৭৫০/- ঋণ আদায় = ২৩৬২৫৮/-, ক্রমপুঞ্জিত ঋণ আদায় = ২৮০২৩১১১/- খেলাপী ঋণ আদায় = ৮৫০০/-, মোট ঋণ আদায়ের হার = ৮৮% এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয়</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td><u>উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে সম্পাদিত কর্যক্রম সমূহ ঃ
<table>
<tr><th>কার্যাবলী</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>গ্রীষ্মকালীন চিনাবাদাম ফসলের আনুমানিক হিসাব জরিপ</td><td>তথ্য সংগ্রহ পূর্বক জেলা অফিসে প্রেরণ করা হয়েছে।</td></tr>
<tr><td>তুলা ফসলের জরিপ</td><td>তথ্য সংগ্রহ পূর্বক জেলা অফিসে প্রেরণ করা হয়েছে।</td></tr>
<tr><td>মাঠ পর্যায় হতে আমন ধান কেটে মাড়াই করে উৎপাদনের পরিমাণ ও আদ্রতা নিরুপণ</td><td>একর প্রতি ফলন ৪৬-৪৮ মণ। আদ্রতার পরিমাণ ২২%-২৩%।</td></tr>
<tr><td>আমন ফসলের মূল্য উৎপাদন</td><td>প্রতি ৪০ কেজি ধান উৎপাদনে খরচ প্রায় ৪০০ টাকা</td></tr>
<tr><td>কৃষি কাজের মজুরির তথ্য সংগ্রহ</td><td>শ্রমিক প্রতি দৈনিক মজুরির পরিমাণ ৪৫০-৫০০ টাকা।</td></tr>
<tr><td>গম ফসলের পূর্বাভাস জরিপ</td><td>তথ্য সংগ্রহ পূর্বক জেলা অফিসে প্রেরণ করা হয়েছে।</td></tr>
<tr><td>আলু ফসলের পূর্বাভাস জরিপ</td><td>তথ্য সংগ্রহ পূর্বক জেলা অফিসে প্রেরণ করা হয়েছে।</td></tr>
<tr><td>জাতীয় পর্যায়ে কৃষি নমুনা শুমারি ২০১৯ পরিচালনার মাধ্যমে ভালুকা উপজেলার বিভিন্ন ইউনিয়নের ১৩ টি নমুনা এলাকা হতে তথ্য সংগ্রহ করা হয়েছে।</td><td>জেলা সমন্বয়কারীর নিকট জমা দেওয়া হয়েছে।</td></tr>
</table>
এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক এ ধারা অব্যাহত রাখার জন্য তাঁকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা।</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td><u>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ ঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি) এর কার্যপত্র পাওয়া যায়নি।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td><u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন ঃ</u><br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে,<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ৪০.৩০ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১৯.৩০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৩৩.০০ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৮.২০ লক্ষ, মোট ৯২.৬০ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় : ক্ষুদ্র ঋণ ৪০.৯৫ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১৮.২৩ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৪১.৩৩ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৬.৭৮ লক্ষ, মোট ১০৭.২৯ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৮৮%, নারী উদ্যোক্তা ঋণ ৯৭%, উদ্যোক্তা ঋণ ৯৫%, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৯৭%, গড় ৯৪% এবং সকল ধরনের সঞ্চয় আদায় = ১৫.৫৮ লক্ষ, সঞ্চয় ফেরত = ১১.০৫ লক্ষ টাকা মাত্র এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং করোনা কালীন সময়ে সরকার নির্ধারিত বিধি মোতাবেক কাজ করার নির্দেশ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td><u>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প) ঃ</u><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ) সভায় জানান যে, পল্লী জীবিকায়ন কর্মসূচি কার্যক্রম ও মাসিক অগ্রগতি স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। প্রজীক এর সকল মহিলা বিত্তহীন সমবায় সমিতি হতে শেয়ার সঞ্চয় বাবদ = ১৭,০০০/- (সতের হাজার) টাকা আদায় হয়েছে এবং চলতি ঋণ কার্যক্রম থেকে ঋণ আদায় হয়েছে = ২.২৬ লক্ষ টাকা এবং ৩০জন সমবায়ীদের মধ্যে = ৭.৬০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের সকল তথ্য উপাত্ত পরিষদকে নিয়মিত অবহিত করার পরামর্শ প্রদান করা হয়</td>
<td>প্রকল্প কর্মকর্তা, প্রজীপ, ভালুকা</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২১</td>
<td><u>আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সমিতির সংখ্যা = ৩৫৫টি, মোট সদস্য সংখ্যা= ১৬০৪২ জন।<br><table><tr><th>বিবরণ</th><th>ডিসেম্বর/২০২০ মাসের লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</th><th>অর্জন (লক্ষ টাকা)</th><th>অর্জনের হার</th></tr><tr><td>সঞ্চয় আদায়</td><td>১৪.৬৬</td><td>১৫.৮৫</td><td>১০৮%</td></tr><tr><td>ঋণ বিতরণ</td><td>১৪৬.১৬</td><td>২০১.৫৫</td><td>১৩৮%</td></tr><tr><td>ঋণ আদায়</td><td>১২১.৫০</td><td>১২৯.২৯</td><td>১০৬%</td></tr></table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমন্বয়কারীকে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা সমন্বয়কারী, আবাআখা. ভালুকা</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td><u>ইসলামিক ফাউন্ডেশন ঃ</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রমের ১৭৪ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭৪টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৯৯টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে এবং এই সকল প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষা কার্যক্রম কোভিড-১৯ এর কারণে বন্ধ আছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td>চেয়ারম্যান, ৫নং বিরুনীয়া ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, গোয়ারী গ্রামের সকল বাসিন্দাদের আবেদনের প্রেক্ষিতে ভাওয়ালিয়া বাজু উচ্চ বিদ্যালয়ের সামনের রাস্তার শেষ অংশ "জোঁনাকির টেক পাকা রাস্তার মাথা হতে চুল্লার খাল পর্যন্ত রাস্তা" এ রাস্তাটির নাম প্রবীন ও জনহিতৈষী মরহুমা "হেলেনা পারভীন সড়ক" নামে নাম করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় উপস্থাপন করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত রাস্তাটির নাম "হেলেনা পারভীন সড়ক" নামে নাম করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, (LGED)ভালুকা, চেয়ারম্যান, ৫নং বিরুনীয়া ইউনিয়ন পরিষদ, ভালুকা</td>
</tr>
<tr>
<td>২৪</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সকল সরকারি দপ্তর তাদের কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করছেন এ জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ এবং সকল দপ্তর প্রধানকে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে মাসিক সভার কার্যপত্র (সফ্ট কপি ও হার্ড কপি) উপজেলা চেয়ারম্যান কার্যালয় অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তরের সমন্বয়ে উন্নত ভালুকা গড়ার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা।</td>
</tr>
</table>

বিবিধ আলোচনা না থাকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১২/২০২০
(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং : উনিঅ/ভালুকা/উঃজেঃমাঃসভা/২০২০- ৭৪৮ তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৪। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৭। উপজেলা ............................অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান ............................ ইউনিয়ন পরিষদ (সকল),ভালুকা,ময়মনসিংহ।
৯। জনাব/বেগম ........................

১০/১২/২০২০
(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর ডিসেম্বর-২০২০খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ।
তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রি.
সময় ঃ দুপুর ১১:০০ ঘটিকা।
স্মারক নং : উনিঅ/ভালুকা/উঃজেঃমাঃসভা/২০২০- ৭৪৮ তারিখ ঃ ১০/১২/২০২০ খ্রি.

**পরিশিষ্ট- খ**

২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের জন্য যাচাই বাচাই কমিটি কর্তৃক গৃহীত প্রকল্পগুলি নিম্নরুপ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | ক্রয় প্রক্রিয়ার ধরন |
|---|---|---|---|
| ০১ | পালগাঁও তালতলা পাকা রাস্তা হতে হালিম নেতার বাড়ী হয়ে আমিনুল সুপারের বাড়ীর মসজিদ পর্যন্ত পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ১৫,০০,০০০/- | টেন্ডার |
| ০২ | আঙ্গারগাড়া বাজার হতে কালির চালা (ভায়া সিকদার বাড়ী) পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ১৫,০০,০০০/- | টেন্ডার |
| ০৩ | উথুরা ইউনিয়নের নারাঙ্গী ভিডিপির বাজার মরচী রাস্তার সাঈদ তালুকদারের বাড়ী সংলগ্ন এইচবিবি রাস্তার মাথা মতিনের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/PIC |
| ০৪ | মেদুয়ারী ইউনিয়নের সোয়াইল শেখ বাড়ী হতে চৌরাস্তা পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/PIC |
| ০৫ | ভরাডোবা ইউনিয়নের নিশিন্দা গুজিয়াম রাস্তা হতে বিএসবি স্পিনিং মিল পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ০৬ | ধীতপুর ইউনিয়ন পরিষদের নিজস্ব জায়গায় জন্ম মৃত্যুর রেজিস্ট্রিকরণ সংক্রান্ত কার্য সম্পাদনের জন্য টিনসেড ঘর নির্মাণ। | ২,০০,০০০/- | টেন্ডার/PIC |
| ০৭ | বিরুনীয়া ইউনিয়নের গোয়ারী হেরিংবন্ড রাস্তার মাথা হতে গোদারটেক পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ০৮ | ভালুকা ইউনিয়নের বাঁশিল হানিফের বাড়ী হইতে আবুল ডাঃ এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ০৯ | মল্লিকবাড়ী ইউনিয়নের আখালিয়া কফির দোকান হতে আখালিয়া আবুলের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১০ | ডাকাতিয়া ইউনিয়নের ডাকাতিয়া বাটাজোর পাকা রাস্তা হতে বাইতুর রহমান জামে মসজিদ (বিএ মৌলভী) পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১১ | কাচিনা ইউনিয়নের তামাট সরকার বাড়ী হতে তামাট মল্লিকবাড়ী সংযোগ রাস্তা পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/PIC |
| ১২ | হবিরবাড়ী ইউনিয়ননের ৭নং ওয়ার্ড মোহাম্মদ আলী জামে মসজিদ হতে করিমের বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৩ | রাজৈ ইউনিয়নের চান্দাব নতুন বাজার হতে রাজৈ বাজার পর্যন্ত রাস্তা এইচ.বি.বি করণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৪ | ভালুকা উপজেলার বিভিন্ন বালিকা বিদ্যালয়ে প্রজনন সামগ্রী বিতরণ | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৫ | ভালুকা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউট দলের জন্য ড্রাম সেট বিতরণ | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৬ | ভালুকা উপজেলায় আশ্রয়ণ কেন্দ্রের মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৭ | কৃষকদের মাঝে স্প্রে-মেশিন (ফুট পাম্প) বিতরণ | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৮ | ভালুকা ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ। | ২,০০,০০০/- | টেন্ডার/ PIC |
| ১৯ | করোনা (কোভিড-১৯) ভাইরাস সংক্রমণ প্রতিরোধের জন্য মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ক্রয় ও বিতরণ | ২,২০,০০০/- | টেন্ডার/ PIC |
| ২০ | উন্নয়ন কার্য সম্পাদানের জন্য গৃহীত প্রকল্প জরিপ বাবদ ব্যয় | ২৫,০০০/- | DP |
| ২১ | উন্নয়ন মূলক কার্য তদারকি বাবদ ব্যয় | ২৫,০০০/- | DP |
| ২২ | টেন্ডারের আনুষঙ্গিক ব্যয় | ২৫,০০০/- | DP |

১০/১২/২০২০
(মোহাঃ রফিকুল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
এল.জি.ই.ডি
ভালুকা, ময়মনসিংহ।

১০/১২/২০২০
(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

১০/১২/২০২০
(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
ভালুকা, ময়মনসিংহ।